

স্মারক নম্বর: ৪৮.০০.০০০০.০০১.২৩.০০২.২১.৯১

তারিখ: ৮ ভাদ্র ১৪২৮

২৩ আগস্ট ২০২১

বিষয়: “মুক্তিযুদ্ধ পদক নীতিমালা ২০২১” প্রেরণ এবং নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ পদক এর জন্য মনোনয়ন প্রস্তাব আহ্বান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বাধীনতার পর পঞ্চাশ বছর অতিক্রান্ত হতে চলেছে। ২০২১ সালে আমরা পালন করছি স্বাধীনতার সুবর্ণজয়ন্তী। স্বাধীনতা সংগ্রামকে সংগঠিত করা ও সরাসরি মুক্তিযুদ্ধে অংশগ্রহণ এবং যুদ্ধ পরবর্তী স্বাধীন দেশে মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়নে অনেক ব্যক্তি এবং সংগঠন ভূমিকা রেখেছে এবং এখনও সক্রিয় ভূমিকা পালন করছে। মুক্তিযুদ্ধের স্মৃতি সংরক্ষণ এবং চেতনা বিকাশে দেশের সাহিত্যিক, সংস্কৃতিসেবী, সমাজসেবক এবং গবেষকগণ নানাভাবে অবদান রেখেছেন এবং নিরন্তর প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন। এসকল ব্যক্তি ও সংগঠন/সংস্থার অবদানকে রাষ্ট্রীয় পর্যায়ে স্বীকৃতি প্রদান করা হলে তারা সম্মানিত বোধ করবেন, তাদের কর্মের মাধ্যমে মুক্তিযুদ্ধের চেতনা আরও বিকশিত হবে এবং মুক্তিযুদ্ধের অর্জন পূর্ণতা পাবে। এ উদ্দেশ্যকে সামনে রেখে স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর প্রাক্কালে এসকল বরণ্য ব্যক্তি ও প্রতিষ্ঠানকে সম্মানিত ও উৎসাহিত করার জন্য ‘মুক্তিযুদ্ধ পদক’ প্রবর্তনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

০২। ‘মুক্তিযুদ্ধ পদক নীতিমালা-২০২১’ এর খসড়া "জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি"তে অনুমোদিত হওয়ায় গত ১২ আগস্ট, ২০২১ তারিখে গেজেট প্রকাশ করা হয়েছে (কপি সংযুক্ত)। উক্ত নীতিমালার ১১নং অনুচ্ছেদে বর্ণিত মনোনয়ন ও পদক প্রদান বিষয়ক সময়সূচি শুধুমাত্র এ বছরের জন্য নিম্নোক্তভাবে নির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

ক্রমিক	কর্মসূচি	নির্ধারিত সময়সীমা
(ক)	মনোনয়ন আহ্বান	২৫ আগস্ট
(খ)	জেলা পর্যায়ের কমিটিতে আবেদন গ্রহণ	৩০ আগস্ট
(গ)	জেলা কমিটিতে মনোনয়ন চূড়ান্তকরণ	১৫ সেপ্টেম্বর
(ঘ)	জেলা কমিটি কর্তৃক মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে মনোনয়ন প্রেরণ	২০ সেপ্টেম্বর
(ঙ)	মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে সরকারি প্রতিষ্ঠান মনোনয়ন চূড়ান্তকরণ ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের কমিটিতে প্রেরণ	৩০ সেপ্টেম্বর
(চ)	মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে গঠিত কমিটি কর্তৃক মনোনয়ন চূড়ান্তকরণ	১০ অক্টোবর
(ছ)	মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় থেকে চূড়ান্ত মনোনয়ন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ	২০ অক্টোবর
(জ)	মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক মনোনয়ন অনুমোদনক্রমে পদক ঘোষণা	৩০ নভেম্বর
(ঝ)	পদক প্রদান	১৫ ডিসেম্বর

০৩। বর্ণিতাবস্থায়, উপরোল্লিখিত সময়সূচি অনুযায়ী আগামী ২০ সেপ্টেম্বর, ২০২১ তারিখের মধ্যে মুক্তিযুদ্ধ পদক এর জন্য মনোনয়ন প্রস্তাব (হার্ডকপি/সফট কপি) এ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। এ প্রেক্ষিতে “মুক্তিযুদ্ধ পদক নীতিমালা-২০২১” এবং ‘মুক্তিযুদ্ধ পদক’ মনোনয়ন ছক এতদসঙ্গে প্রেরণ করা হলো। উল্লেখ্য, “মুক্তিযুদ্ধ পদক নীতিমালা-২০২১” এবং ‘মুক্তিযুদ্ধ পদক’ মনোনয়ন ছক মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.molwa.gov.bd)-এ পাওয়া যাবে।



২৩-৮-২০২১

দেবাশীষ নাগ

উপসচিব

ফোন: ৮৮০২৯৫৭৮৬৪৮

ইমেইল: dsadmin1@molwa.gov.bd

বিতরণ : কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ৩) সিনিয়র সচিব/সচিব (সকল)
- ৪) প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা।
- ৫) মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, কাকরাইল, ঢাকা।
- ৬) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ৮৮ মতিঝিল, ঢাকা।
- ৭) বিভাগীয় কমিশনার (সকল)
- ৮) জেলা প্রশাসক (সকল)

স্মারক নম্বর: ৪৮.০০.০০০০.০০১.২৩.০০২.২১.৯১/১(৫)

তারিখ: ৮ ভাদ্র ১৪২৮
২৩ আগস্ট ২০২১

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মাননীয় মেয়র, সিটি কর্পোরেশন (সকল)।
- ২) মন্ত্রীর একান্ত সচিব (উপসচিব), মাননীয় মন্ত্রীর দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
- ৩) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
- ৪) সিস্টেম এনালিস্ট, আইটি সেল শাখা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে 'মুক্তিযুদ্ধ পদক' শিরোনামে সেবাবন্ধ ওপেন করে এ সংক্রান্ত নীতিমালা, ছক, মনোনয়ন আহবান পত্র সংরক্ষণের অনুরোধসহ)।
- ৫) অফিস কপি/, মাস্টার ফাইল।

২৩-৮-২০২১

দেবাশীষ নাগ

উপসচিব